# বিসিএসের ৪৫ তম লিখিত পরীক্ষার ফল প্রকাশ করেছে পিএসসি




সংগৃহীত ছবি

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন ৪৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করেছে। এতে উত্তীর্ণ হয়েছেন ৬ হাজার ৫৫৮ জন।

গতকাল বুধবার (১৮ জুন) রাত ১০টার দিকে সরকারি কর্মকমিশনের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়। পিএসসির জনসংযোগ কর্মকর্তা এস এম মতিউর রহমানের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ অনুসরণে ৪৫তম বিসিএস পরীক্ষা-২০২২ এর লিখিত পরীক্ষায় সাময়িকভাবে ৬ হাজার ৫৫৮ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। পরীক্ষার পূর্ণাঙ্গ ফলাফল ও প্রাসঙ্গিক তথ্যাবলি কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

উল্লেখ্য,২০২২ সালের ৩০ নভেম্বর ৪৫তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল পিএসসি। ৪৫তম বিসিএসে মোট ২ হাজার ৩০৯ জন ক্যাডার কর্মকর্তাকে নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছে পিএসসি।

LENS ASIA